

বীজগাণিতিক অনুপাত ও সমানুপাত

MAIN TOPIC

অনুপাত: একই এককে সমজাতীয় দুইটি রাশির পরিমাণের একটি অপরটির কত গুণ বা কত অংশ তা একটি ভগ্নাংশ দ্বারা প্রকাশ করা যায়। এই ভগ্নাংশটিকে রাশি দুইটির অনুপাত বলে।

যেমন: p ও q দুইটি সমজাতীয় রাশি এবং একই এককে প্রকাশিত হতে হবে। অতএব অনুপাতটি-

$$p:q$$

সমানুপাত: যদি চারটি রাশি একরূপ হয় যে প্রথম ও দ্বিতীয় রাশির অনুপাত তৃতীয় ও চতুর্থ রাশির অনুপাতের সমান হয়, তবে ঐ চারটি রাশি নিয়ে একটি সমানুপাত উৎপন্ন হয়। a, b, c, d একরূপ চারটি রাশি হলে আমরা লিখি $a:b = c:d$ যা সমানুপাতের উদাহরণ।

ক্রমিক সমানুপাত:

- a, b, c ক্রমিক সমানুপাতী বলতে বোঝায় $a:b = b:c$
- a, b, c ক্রমিক সমানুপাতী হবে যদি এবং কেবল যদি $b^2 = ac$ হয়।
- ক্রমিক সমানুপাতের ক্ষেত্রে সবগুলো রাশি এক জাতীয় হতে হবে।
- এক্ষেত্রে c কে a ও b এর তৃতীয় সমানুপাতী এবং b কে a ও c এর মধ্য সমানুপাতী বলা হয়।

ধারাবাহিক অনুপাত:

দুই অনুপাত যদি ক:খ এবং ঙ:গ আকারের হয় তাহলে এদেরকে সাধারণ ক:খ:গ আকারে লেখা যায়। একে ধারাবাহিক অনুপাত বলা হয়।

অনুপাতের রূপান্তর:

এখানে অনুপাতের রাশিগুলো ধনাত্মক সংখ্যা।

ক) প্রমাণ কর যে, $a:b = c:d$ হলে, $b:a = d:c$ [ব্যস্তকরণ (Invertendo)]

\Rightarrow দেওয়া আছে, $a:b = c:d$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{c}{d}$$

$$\text{বা, } ad = bc$$

$$\text{বা, } \frac{ad}{ac} = \frac{bc}{ac} \quad [\text{উভয়পক্ষকে } ac \text{ দ্বারা ভাগ করে}]$$

$$\text{বা, } \frac{d}{c} = \frac{b}{a}$$

$$\text{বা, } d:c = b:a$$

$$\therefore b:a = d:c \quad (\text{প্রমাণিত})$$

খ) প্রমাণ কর যে, $a:b = c:d$ হলে, $a:c = b:d$ [একান্তরকরণ (Alternendo)]

$$\Rightarrow \text{দেওয়া আছে, } a:b = c:d$$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{c}{d}$$

$$\text{বা, } ad = bc$$

$$\text{বা, } \frac{ad}{cd} = \frac{bc}{cd} \quad (\text{উভয়পক্ষকে } cd \text{ দ্বারা ভাগ করে)}$$

$$\text{বা, } \frac{a}{c} = \frac{b}{d}$$

$$\therefore a:c = b:d \quad (\text{প্রমাণিত})$$

গ) প্রমাণ কর যে, $a:b = c:d$ হলে, $\frac{a+b}{b} = \frac{c+d}{d}$ [যোজন (Componendo)]

$$\Rightarrow \text{দেওয়া আছে, } a:b = c:d$$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{c}{d}$$

$$\text{বা, } \frac{a}{b} + 1 = \frac{c}{d} + 1$$

$$\therefore \frac{a+b}{b} = \frac{c+d}{d} \quad (\text{প্রমাণিত})$$

ঘ) প্রমাণ কর যে, $a:b = c:d$ হলে, $\frac{a-b}{b} = \frac{c-d}{d}$ [বিয়োজন (Dividendo)]

$$\Rightarrow \text{দেওয়া আছে, } a:b = c:d$$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{c}{d}$$

$$\text{বা, } \frac{a}{b} - 1 = \frac{c}{d} - 1$$

$$\therefore \frac{a-b}{b} = \frac{c-d}{d} \quad (\text{প্রমাণিত})$$

ঙ) প্রমাণ কর যে, $a:b = c:d$ হলে, $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ [যোজন-বিয়োজন (Componendo-Dividendo)]

$$\Rightarrow \text{দেওয়া আছে, } a:b = c:d$$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{c}{d}$$

যোজন করে পাই, $\frac{a+b}{b} = \frac{c+d}{d} \dots \dots (i)$

আবার, বিয়োজন করে পাই, $\frac{a-b}{b} = \frac{c-d}{d}$

বা, $\frac{b}{a-b} = \frac{d}{c-d} \dots \dots (ii)$ [বাস্তকরণ]

সুতরাং, $\frac{a+b}{b} \times \frac{b}{a-b} = \frac{c+d}{d} \times \frac{d}{c-d}$ [(i) ও (ii) গুণ করে]

অর্থাৎ, $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ [এখানে $a \neq b, c \neq d$] (প্রমাণিত)

৮) প্রমাণ কর যে, $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h}$ হলে প্রত্যেকটি অনুপাত = $\frac{a+c+e+g}{b+d+f+h}$

\Rightarrow মনে করি, $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h} = k$

$\therefore a = bk, c = dk, e = fk, g = hk$

$\therefore \frac{a+c+e+g}{b+d+f+h} = \frac{bk+dk+fk+hk}{b+d+f+h} = \frac{k(b+d+f+h)}{b+d+f+h}$

কিন্তু k প্রদত্ত সমানুপাতের প্রত্যেকটি অনুপাতের সমান।

$\therefore \frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h} = \frac{a+c+e+g}{b+d+f+h}$ (প্রমাণিত)

সমানুপাতিক ভাগ:

কোনো রাশিকে নির্দিষ্ট অনুপাতে ভাগ করাকে সমানুপাতিক ভাগ বলা হয়। S কে $a:b = c:d$ অনুপাতে ভাগ করতে হলে S কে $a+b+c+d$ ভাগ করে যথাক্রমে a, b, c, d ভাগ নিতে হয়। অতএব,

১ম অংশ = S এর $\frac{a}{a+b+c+d} = \frac{Sa}{a+b+c+d}$

২য় অংশ = S এর $\frac{b}{a+b+c+d} = \frac{Sb}{a+b+c+d}$

৩য় অংশ = S এর $\frac{c}{a+b+c+d} = \frac{Sc}{a+b+c+d}$

৪র্থ অংশ = S এর $\frac{d}{a+b+c+d} = \frac{Sd}{a+b+c+d}$

অর্থাৎ যেকোনো রাশিকে যেকোনো নির্দিষ্ট অনুপাতে ভাগ করা যায়।

সূত্রাবলী

- দুইটি সংখ্যার গুণফল = সংখ্যাসমূহের ল.সা.গু \times গ.সা.গু
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)²
- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ
- সরল মুনাফা, $I = prt$
- বর্গের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2}a$
- আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$
- মুনাফা-আসল = মুনাফা $+$ আসল

অনুপাতের কতিপয় রূপান্তর/ধর্ম: (সর্বক্ষেত্রে যদি $a:b = c:d$ হয়)

- ব্যস্তকরণ ধর্ম: $a:b = c:d$ হলে অর্থাৎ $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে, $\frac{b}{a} = \frac{d}{c}$ হবে।
- একান্তরকরণ ধর্ম: $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে $\frac{a}{c} = \frac{b}{d}$ হবে। অথবা, $\frac{d}{b} = \frac{c}{a}$
- যোজন ধর্ম: $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে $\frac{a+b}{b} = \frac{c+d}{d}$ হবে।
- বিয়োজন ধর্ম: $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে $\frac{a-b}{b} = \frac{c-d}{d}$ হবে।
- যোজন-বিয়োজন ধর্ম: $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ হবে।
- $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h}$ হলে $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h} = \frac{a+c+e+g}{b+d+f+h}$ হবে।
- $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{a-c}{b-d}$ হবে।



TYPEWISE MATH

Type-1

১) $x = \frac{10pq}{p+q}$ হলে $\frac{x+5p}{x-5p} + \frac{x+5q}{x-5q}$ এর মান নির্ণয় কর। ($p = q$)

সমাধান: দেওয়া আছে, $x = \frac{10pq}{p+q}$

$$\text{বা, } \frac{x}{5p} = \frac{2q}{p+q}$$

$$\text{বা, } \frac{x+5p}{x-5p} = \frac{2q+p+q}{2q-p-q} \quad [\text{যোজন-বিয়োজন}]$$

$$\text{বা, } \frac{x+5p}{x-5p} = \frac{p+3q}{q-p} \dots \dots (i)$$

$$\text{আবার, } x = \frac{10pq}{p+q}$$

$$\text{বা, } \frac{x}{5q} = \frac{2p}{p+q}$$

$$\text{বা, } \frac{x+5q}{x-5q} = \frac{2p+p+q}{2p-p-q} \quad [\text{যোজন-বিয়োজন}]$$

$$\text{বা, } \frac{x+5q}{x-5q} = \frac{3p+q}{p-q} \dots \dots (ii)$$

এখন (i) ও (ii) যোগ করে পাই,

$$\begin{aligned} \frac{x+5p}{x-5p} + \frac{x+5q}{x-5q} &= \frac{p+3q}{q-p} + \frac{3p+q}{p-q} \\ &= \frac{p+3q}{q-p} - \frac{3p+q}{q-p} \\ &= \frac{p+3q-3p-q}{q-p} \\ &= \frac{2q-2p}{q-p} \\ &= \frac{2(q-p)}{q-p} = 2 \quad (\text{Ans}) \end{aligned}$$

২) $p = \frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}}$ এবং $q = \frac{\sqrt{1+x}-\sqrt{1-x}}{\sqrt{1+x}+\sqrt{1-x}}$ হলে $\frac{p^2+3pq+q^2}{p^2-3pq+q^2}$ এর মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, $p = \frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}}$ এবং $q = \frac{\sqrt{1+x}-\sqrt{1-x}}{\sqrt{1+x}+\sqrt{1-x}}$

$$\text{সুতরাং, } p+q = \frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}} + \frac{\sqrt{1+x}-\sqrt{1-x}}{\sqrt{1+x}+\sqrt{1-x}}$$

$$\begin{aligned}
&= \frac{(\sqrt{1+x}+\sqrt{1-x})^2 + (\sqrt{1+x}-\sqrt{1-x})^2}{(\sqrt{1+x}-\sqrt{1-x})(\sqrt{1+x}+\sqrt{1-x})} \\
&= \frac{(\sqrt{1+x})^2 + 2\sqrt{1+x}\sqrt{1-x} + (\sqrt{1-x})^2 + (\sqrt{1+x})^2 - 2\sqrt{1+x}\sqrt{1-x} + (\sqrt{1-x})^2}{(\sqrt{1+x})^2 - (\sqrt{1-x})^2} \\
&= \frac{1+x+1-x+1+x+1-x}{(1+x)-(1-x)} \\
&= \frac{4}{2x} \\
&= \frac{2}{x}
\end{aligned}$$

$$\begin{aligned}
\text{এবং } pq &= \frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}} \times \frac{\sqrt{1+x}-\sqrt{1-x}}{\sqrt{1+x}+\sqrt{1-x}} \\
&= 1
\end{aligned}$$

$$\begin{aligned}
\text{প্রদত্ত রাশি} &= \frac{p^2+3pq+q^2}{p^2-3pq+q^2} \\
&= \frac{p^2+2pq+q^2+pq}{p^2+2pq+q^2-5pq} \\
&= \frac{(p+q)^2+pq}{(p+q)^2-5pq} \\
&= \frac{\left(\frac{2}{x}\right)^2+1}{\left(\frac{2}{x}\right)^2-5} \quad [\text{মান বসিয়ে}] \\
&= \frac{\frac{4}{x^2}+1}{\frac{4}{x^2}-5} \\
&= \frac{\frac{4+x^2}{x^2}}{\frac{4-5x^2}{x^2}} \\
&= \frac{4+x^2}{4-5x^2} \quad (\text{Ans})
\end{aligned}$$

❖ **নিজে কর:** $x = \frac{8pq}{p+q}$ হলে $\frac{x+4p}{x-4p} + \frac{x+4q}{x-4q}$ এর মান নির্ণয় কর।

Type-2

১) $\frac{1-\sqrt{1-x}}{1+\sqrt{1-x}} = \frac{1}{3}$ হলে x এর মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, $\frac{1-\sqrt{1-x}}{1+\sqrt{1-x}} = \frac{1}{3}$

$$\text{বা, } \frac{1-\sqrt{1-x}+1+\sqrt{1-x}}{1-\sqrt{1-x}-1-\sqrt{1-x}} = \frac{1+3}{1-3}$$

$$\text{বা, } \frac{2}{-2\sqrt{1-x}} = \frac{4}{-2}$$

$$\text{বা, } \frac{1}{\sqrt{1-x}} = 2$$

$$\text{বা, } \frac{1}{1-x} = 4 \quad [\text{বর্গ করে}]$$

$$\text{বা, } 4(1-x) = 1$$

$$\text{বা, } 1-x = \frac{1}{4}$$

$$\text{বা, } -x = \frac{1}{4} - 1$$

$$\text{বা, } x = 1 - \frac{1}{4}$$

$$\text{বা, } x = \frac{4-1}{4}$$

$$\therefore x = \frac{3}{4} \quad (\text{Ans})$$

২) $\frac{a+x-\sqrt{a^2-x^2}}{a+x+\sqrt{a^2-x^2}} = \frac{b}{x}$; $2a > b > 0$ এবং $x \neq 0$ হলে x এর মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, $\frac{a+x-\sqrt{a^2-x^2}}{a+x+\sqrt{a^2-x^2}} = \frac{b}{x}$

$$\text{বা, } \frac{a+x-\sqrt{a^2-x^2}+a+x+\sqrt{a^2-x^2}}{a+x-\sqrt{a^2-x^2}-a-x-\sqrt{a^2-x^2}} = \frac{b+x}{b-x}$$

$$\text{বা, } \frac{2a+2x}{-2\sqrt{a^2-x^2}} = \frac{b+x}{b-x}$$

$$\text{বা, } \frac{2(a+x)}{-2\sqrt{a^2-x^2}} = \frac{b+x}{b-x}$$

$$\text{বা, } \frac{a+x}{-\sqrt{a^2-x^2}} = \frac{b+x}{b-x}$$

$$\text{বা, } \frac{(a+x)^2}{(-\sqrt{a^2-x^2})^2} = \frac{(b+x)^2}{(b-x)^2}$$

$$\text{বা, } \frac{a^2+2ax+x^2}{a^2-x^2} = \frac{b^2+2bx+x^2}{b^2-2bx+x^2}$$

$$\text{বা, } \frac{a^2+2ax+x^2+a^2-x^2}{a^2+2ax+x^2-a^2+x^2} = \frac{b^2+2bx+x^2+b^2-2bx+x^2}{b^2+2bx+x^2-b^2+2bx-x^2}$$

[যোজন-বিয়োজন]

$$\text{বা, } \frac{2a^2+2ax}{2x^2+2ax} = \frac{2b^2+2x^2}{4bx}$$

$$\text{বা, } \frac{2(a^2+ax)}{2(x^2+ax)} = \frac{2(b^2+x^2)}{2.2bx}$$

$$\text{বা, } \frac{a^2+ax}{x^2+ax} = \frac{b^2+x^2}{2bx}$$

$$\text{বা, } \frac{a(a+x)}{x(x+a)} = \frac{b^2+x^2}{2b.x}$$

$$\text{বা, } \frac{a(a+x)}{(x+a)} = \frac{b^2+x^2}{2b}$$

$$\text{বা, } a = \frac{b^2+x^2}{2b}$$

$$\text{বা, } 2ab = b^2 + x^2$$

$$\text{বা, } x^2 = 2ab - b^2$$

$$\therefore x = \sqrt{2ab - b^2} \quad (\text{Ans})$$

✧ নিজে কর:

i. $81 \left(\frac{1-x^2}{1+x^2} \right)^3 = \frac{1+x}{1-x}$ হলে x এর মান নির্ণয় কর।

ii. $x^3 - 3mx^2 + 3x - m = 0$ হলে x এর মান নির্ণয় কর।

Type-3

১) $\frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}} = p$ হলে প্রমাণ কর যে, $p^2 - \frac{2p}{x} + 1 = 0$

সমাধান: দেওয়া আছে, $\frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}} = p$

$$\text{বা, } \frac{\sqrt{1+x}+\sqrt{1-x}+\sqrt{1+x}-\sqrt{1-x}}{\sqrt{1+x}+\sqrt{1-x}-\sqrt{1+x}+\sqrt{1-x}} = \frac{p+1}{p-1}$$

$$\text{বা, } \frac{2\sqrt{1+x}}{2\sqrt{1-x}} = \frac{p+1}{p-1}$$

$$\text{বা, } \frac{\sqrt{1+x}}{\sqrt{1-x}} = \frac{p+1}{p-1}$$

$$\text{বা, } \frac{1+x}{1-x} = \frac{(p+1)^2}{(p-1)^2} \quad [\text{বর্গ করে}]$$

$$\text{বা, } \frac{1+x}{1-x} = \frac{p^2+2p+1}{p^2-2p+1}$$

$$\text{বা, } \frac{1+x+1-x}{1+x-1+x} = \frac{p^2+2p+1+p^2-2p+1}{p^2+2p+1-p^2+2p-1}$$

$$\text{বা, } \frac{2}{2x} = \frac{2(p^2+1)}{4p}$$

$$\text{বা, } \frac{1}{x} = \frac{p^2+1}{2p}$$

$$\text{বা, } p^2 + 1 - \frac{2p}{x} = 0$$

$$\therefore p^2 - \frac{2p}{x} + 1 = 0 \quad (\text{প্রমাণিত})$$

২) $\frac{a^3+b^3}{a-b+c} = a(a+b)$ হলে প্রমাণ কর যে, a, b, c ক্রমিক সমানুপাতী।

সমাধান: দেওয়া আছে, $\frac{a^3+b^3}{a-b+c} = a(a+b)$

$$\text{বা, } \frac{(a+b)(a^2-ab+b^2)}{a-b+c} = a(a+b)$$

$$\text{বা, } \frac{a^2-ab+b^2}{a-b+c} = a \quad [\text{উভয়পক্ষকে } (a+b) \text{ দ্বারা ভাগ করে}]$$

$$\text{বা, } a^2 - ab + b^2 = a^2 - ab + ac$$

$$\text{বা, } b^2 = ac$$

$$\text{বা, } \frac{b \times b}{a} = c$$

$$\text{বা, } \frac{b}{a} = \frac{c}{b}$$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{b}{c} \quad [\text{ব্যস্তকরণ করে}]$$

$\therefore a, b, c$ ক্রমিক সমানুপাতী।

৩) $\frac{bx-cy}{a} = \frac{cx-az}{b} = \frac{ay-bx}{c}$ হলে,

ক) প্রমাণ কর যে, $\frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$

খ) দেখাও যে, $\frac{x^3}{a^2} - \frac{y^3}{b^2} - \frac{z^3}{c^2} = \frac{(x-y-z)^3}{(a-b-c)^2}$

সমাধান:

ক) দেওয়া আছে, $\frac{bx-cy}{a} = \frac{cx-az}{b} = \frac{ay-bx}{c}$

$$\text{বা, } \frac{abx-acy}{a^2} = \frac{bcx-abz}{b^2} = \frac{acv-bcx}{c^2}$$

* $\frac{\text{লবগুলোর যোগফল}}{\text{হরগুলোর যোগফল}}$

$$= \frac{abz - acy + bcx - abz + acy - bcx}{a^2 + b^2 + c^2}$$

$$= \frac{0}{a^2 + b^2 + c^2} = 0$$

$$\text{বা, } \frac{abz - acy}{a^2} = \frac{bcx - abz}{b^2} = \frac{acy - bcx}{c^2}$$

$$\therefore \frac{abz - acy}{a^2} = 0$$

$$\text{বা, } abz - acy = 0$$

$$\text{বা, } abz = acy$$

$$\text{বা, } \frac{abz}{abc} = \frac{acy}{abc}$$

$$\therefore \frac{z}{c} = \frac{y}{b}$$

$$\text{আবার, } \frac{bcx - abz}{b^2} = 0$$

$$\text{বা, } bcx - abz = 0$$

$$\text{বা, } bcx = abz$$

$$\text{বা, } \frac{bcx}{abc} = \frac{abz}{abc}$$

$$\text{বা, } \frac{x}{a} = \frac{z}{c}$$

$$\therefore \frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c} \quad (\text{প্রমাণিত})$$

$$\text{ধ) মনে করি, } \frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c} = k$$

$$\therefore x = ak, y = bk, z = ck$$

$$\begin{aligned} \text{এখন, } L.H.S &= \frac{x^3}{a^2} - \frac{y^3}{b^2} - \frac{z^3}{c^2} \\ &= \frac{(ak)^3}{a^2} - \frac{(bk)^3}{b^2} - \frac{(ck)^3}{c^2} \\ &= \frac{a^3 k^3}{a^2} - \frac{b^3 k^3}{b^2} - \frac{c^3 k^3}{c^2} \\ &= ak^3 - bk^3 - ck^3 \\ &= k^3(a - b - c) \end{aligned}$$

$$R.H.S = \frac{(x-y-z)^3}{(a-b-c)^2}$$

$$= \frac{(ak - bk - ck)^3}{(a - b - c)^2}$$

$$= k^3(a - b - c)$$

L.H.S = R.H.S (দেখানো হলো)

8) a, b, c, d চারটি রাশি এবং $a:b = c:d$ হলে দেখাও যে, $\frac{a^2+ab+b^2}{a^2-ab+b^2} = \frac{c^2+cd+d^2}{c^2-cd+d^2}$

সমাধান: দেওয়া আছে, $a:b = c:d$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{c}{d}$$

মনে করি, $\frac{a}{b} = \frac{c}{d} = k$

$\therefore a = bk$ এবং $c = dk$

$$L.H.S = \frac{a^2+ab+b^2}{a^2-ab+b^2}$$

$$= \frac{(bk)^2+bk \cdot b+b^2}{(bk)^2-bk \cdot b+b^2}$$

$$= \frac{b^2k^2+b^2k+b^2}{b^2k^2-b^2k+b^2}$$

$$= \frac{b^2(k^2+k+1)}{b^2(k^2-k+1)}$$

$$= \frac{k^2+k+1}{k^2-k+1}$$

$$R.H.S = \frac{c^2+cd+d^2}{c^2-cd+d^2}$$

$$= \frac{(dk)^2+dk \cdot d+d^2}{(dk)^2-dk \cdot d+d^2}$$

$$= \frac{d^2k^2+d^2k+d^2}{d^2k^2-d^2k+d^2}$$

$$= \frac{d^2(k^2+k+1)}{d^2(k^2-k+1)}$$

$$= \frac{k^2+k+1}{k^2-k+1}$$

L.H.S = R.H.S (প্রমাণিত)

৫) $x = \frac{\sqrt{2a+3b}+\sqrt{2a-3b}}{\sqrt{2a+3b}-\sqrt{2a-3b}}$ হলে দেখাও যে, $3bx^2 - 4ax + 3b = 0$

সমাধান: দেওয়া আছে, $x = \frac{\sqrt{2a+3b}+\sqrt{2a-3b}}{\sqrt{2a+3b}-\sqrt{2a-3b}}$

$$\text{বা, } \frac{x+1}{x-1} = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b} + \sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b} - \sqrt{2a+3b} + \sqrt{2a-3b}} \quad [\text{যোজন-বিয়োজন}]$$

$$\text{বা, } \frac{x+1}{x-1} = \frac{2\sqrt{2a+3b}}{2\sqrt{2a-3b}}$$

$$\text{বা, } \frac{x+1}{x-1} = \frac{\sqrt{2a+3b}}{\sqrt{2a-3b}}$$

$$\text{বা, } \left(\frac{x+1}{x-1}\right)^2 = \left(\frac{\sqrt{2a+3b}}{\sqrt{2a-3b}}\right)^2 \quad [\text{উভয়পক্ষকে বর্গ করে}]$$

$$\text{বা, } \frac{x^2+2x+1}{x^2-2x+1} = \frac{2a+3b}{2a-3b}$$

$$\text{বা, } \frac{x^2+2x+1+x^2-2x+1}{x^2+2x+1-x^2+2x-1} = \frac{2a+3b+2a+3b}{2a+3b-2a+3b} \quad [\text{যোজন-বিয়োজন}]$$

$$\text{বা, } \frac{2x^2+2}{4x} = \frac{4a}{6b}$$

$$\text{বা, } \frac{2(x^2+1)}{4x} = \frac{2a}{3b}$$

$$\text{বা, } \frac{x^2+1}{2x} = \frac{2a}{3b}$$

$$\text{বা, } 3b(x^2+1) = 4ax$$

$$\therefore 3bx^2 - 4ax + 3b = 0 \quad (\text{প্রমাণিত})$$

✧ নিজে কর:

i. $\frac{a^2+b^2}{b^2+c^2} = \frac{(a+b)^2}{(b+c)^2}$ হলে প্রমাণ কর যে, a, b, c ক্রমিক সমানুপাতিক।

ii. $p^2 - \frac{2p}{x} + 1 = 0$ হলে প্রমাণ কর যে, $p = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$

iii. $lx = my = nz$ হলে দেখাও যে, $\frac{x^2}{yz} + \frac{y^2}{zx} + \frac{z^2}{xy} = \frac{mn}{l^2} + \frac{nl}{m^2} + \frac{lm}{n^2}$

Type-4

১) একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5:12:13 এবং পরিসীমা 30 সে.মি. হলে বৃহত্তর বাহুর দৈর্ঘ্য এবং ক্ষুদ্রতর বাহুকে প্রস্থ ধরে অঙ্কিত আয়তক্ষেত্রের কর্ণের সমান বাহুবিশিষ্ট বর্গের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5:12:13 এবং পরিসীমা 30 সে.মি.

মনে করি, বাহুগুলোর দৈর্ঘ্য $5x$ সে.মি., $12x$ সে.মি. এবং $13x$ সে.মি.

$$\text{প্রথমতে, } 5x + 12x + 13x = 30$$

$$\text{বা, } 30x = 30$$

বা, $x = 1$

∴ বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 5, 12, 13

প্রশ্নমতে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 13 সে.মি. এবং প্রস্থ 5 সে.মি.

আয়তক্ষেত্রের আনুপাতিক চিত্র:

$$\begin{aligned}\therefore \text{কর্ণ } AC &= \sqrt{AB^2 + BC^2} \\ &= \sqrt{13^2 + 5^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{169 + 25} \text{ সে.মি.} \\ &= \sqrt{194} \text{ সে.মি.}\end{aligned}$$

প্রশ্নমতে, বর্গের এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt{194}$ সে.মি.

$$\begin{aligned}\therefore \text{ক্ষেত্রফল} &= (\sqrt{194})^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 194 \text{ বর্গ সে.মি.}\end{aligned}$$

২) একটি বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান হলে, তাদের পরিসীমার অনুপাত নির্ণয় কর।

সমাধান: মনে করি, বৃত্তটির ব্যাসার্ধ r একক

এবং বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a একক

$$\therefore \text{বৃত্তটির ক্ষেত্রফল} = \pi r^2 \text{ বর্গ একক}$$

$$\text{এবং বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = a^2 \text{ বর্গ একক}$$

$$\text{প্রশ্নমতে, } \pi r^2 = a^2$$

$$\Rightarrow a = \sqrt{\pi r^2}$$

$$\Rightarrow a = r\sqrt{\pi}$$

আবার, বৃত্তটির পরিসীমা $= 2\pi r$ বর্গ একক

এবং বর্গক্ষেত্রের পরিসীমা $= 4a$ বর্গ একক

তাহলে, বৃত্তটির পরিসীমা : বর্গক্ষেত্রের পরিসীমা

$$\begin{aligned}&= 2\pi r : 4a \\ &= 2\pi r : 4 \times r\sqrt{\pi} \\ &= \pi : 2\sqrt{\pi} \quad (\text{Ans})\end{aligned}$$

∴ নিজে কর:

একটি জমির ক্ষেত্রফল 432 বর্গমিটার। ঐ জমির দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি জমির দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 3:4 এবং 2:5 হলে অপর জমির ক্ষেত্রফল কত?

Type-5

১) দুইটি সংখ্যার অনুপাত 3:4 এবং এদের ল.সা.গু. 180 হলে সংখ্যা দুটির গ.সা.গু. এবং সংখ্যা দুইটি নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, দুইটি সংখ্যার অনুপাত = 3:4

মনে করি, একটি সংখ্যা = $3x$ এবং অপর সংখ্যাটি = $4x$

$3x$ ও $4x$ এর গ.সা.গু. = x

এবং $3x$ ও $4x$ এর ল.সা.গু. = $12x$

প্রশ্নমতে, $12x = 180$

$$\begin{aligned}\text{বা, } x &= \frac{180}{12} \\ &= 15\end{aligned}$$

∴ সংখ্যা দুটির গ.সা.গু. = 15

একটি সংখ্যা = $3 \times 15 = 45$

এবং অপর একটি সংখ্যা = $4 \times 15 = 60$ (Ans)

∴ নিজে কর:

দুইটি সংখ্যার অনুপাত 5:7 এবং এদের গ.সা.গু. 4 হলে সংখ্যা দুটির ল.সা.গু. নির্ণয় কর।

Type-6

১) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x ও প্রস্থ y হলে উৎপন্ন আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি পেলে এবং প্রস্থ 10% হ্রাস পেলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে?

সমাধান: দেওয়া আছে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x মি.

এবং আয়তক্ষেত্রের প্রস্থ y মি.

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল xy বর্গমিটার

নতুন আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = $(x + x$ এর 10%) মি.

$$= \left(x + \frac{10x}{100}\right) \text{ মি.}$$

$$= \frac{100x + 10x}{100} \text{ মি.}$$

সাধারণ গণিত - অধ্যায় ১১ - বীজগাণিতিক অনুপাত ও সমানুপাত

$$= \frac{110x}{100} \text{ মি.}$$

$$= \frac{11x}{10} \text{ মি.}$$

10% হ্রাস পাওয়ায়,

নতুন আয়তক্ষেত্রের প্রস্থ = $(y - y \text{ এর } 10\%) \text{ মি.}$

$$= \left(y - \frac{10y}{100}\right) \text{ মি.}$$

$$= \frac{100y - 10y}{100} \text{ মি.}$$

$$= \frac{90y}{100} \text{ মি.}$$

$$= \frac{9y}{10} \text{ মি.}$$

∴ নতুন আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $\left(\frac{11x}{10} \times \frac{9y}{10}\right)$ বর্গমিটার

$$= \frac{99xy}{100} \text{ বর্গমিটার}$$

যেহেতু $xy > \frac{99xy}{100}$

∴ ক্ষেত্রফল হ্রাস পায় = $\left(xy - \frac{99xy}{100}\right)$ বর্গমিটার

$$= \frac{100xy - 99xy}{100} \text{ বর্গমিটার}$$

$$= \frac{xy}{100} \text{ বর্গমিটার}$$

∴ ক্ষেত্রফল শতকরা হ্রাস পায় = $\left(\frac{\frac{xy}{100}}{xy} \times 100\right)\% = 1\% \text{ (Ans)}$

২) একটি দ্রব্য ক্রয় করে 28% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত নির্ণয় কর।

সমাধান: মনেকরি, দ্রব্যটির ক্রয়মূল্য x টাকা।

তাহলে, ক্ষতি = x এর 28%

$$= x \text{ এর } \frac{28}{100} \text{ টাকা}$$

$$= \frac{28x}{100} \text{ টাকা}$$

$$= \frac{7x}{25} \text{ টাকা}$$

∴ বিক্রয়মূল্য = $\left(x - \frac{7x}{25}\right)$ টাকা

সাধারণ গণিত - অধ্যায় ১১ - বীজগাণিতিক অনুপাত ও সমানুপাত

$$= \frac{18x}{25} \text{ টাকা}$$

$$\therefore \text{বিক্রয়মূল্য} : \text{ক্রয়মূল্য} = \frac{18x}{25} : x$$

$$= \frac{18}{25} : 1$$

$$= 18 : 25 \quad (\text{Ans})$$

❖ নিজে কর:

- যদি কোনো বর্গক্ষেত্রের বাহুর পরিমাণ 20% বৃদ্ধি পায়, তবে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?
- সাজু ও রাজুর ঋণের অনুপাত 15000:12000। তারা 10% হারে ঋণ গ্রহণ করে। 3 বছর পর রাজু সকল মুনাফা আসনের অর্ধেক শোধ করলো। রাজুর আর কত টাকা ঋণ থাকলো?

Type-7

১) পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 70 বছর। তাদের বয়সের অনুপাত 7 বছর পূর্বে ছিল 5:2। 6 বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?

সমাধান: মনেকরি, 7 বছর পূর্বে পিতার বয়স ছিল $5x$ বছর

এবং 7 বছর পূর্বে পুত্রের বয়স ছিল $2x$ বছর

পিতার বর্তমান বয়স $(5x + 7)$ বছর

পুত্রের বর্তমান বয়স $(2x + 7)$ বছর

$$\text{প্রশ্নমতে, } (5x + 7) + (2x + 7) = 70$$

$$\Rightarrow 5x + 7 + 2x + 7 = 70$$

$$\Rightarrow 7x + 14 = 70$$

$$\Rightarrow 7x = 70 - 14$$

$$\Rightarrow 7x = 56$$

$$\Rightarrow x = 8$$

পিতার বর্তমান বয়স $(5 \times 8 + 7)$ বছর = 47 বছর

পুত্রের বর্তমান বয়স $(2 \times 8 + 7)$ বছর = 23 বছর

\therefore 6 বছর পরে পিতার বয়স $(47 + 6)$ বছর = 53 বছর

6 বছর পরে পুত্রের বয়স $(23 + 6)$ বছর = 29 বছর (Ans)

❖ নিজে কর:

রোজ ও তার পিতার বর্তমান বয়সের অনুপাত 7:2। 5 বছর পর তাদের বয়সের অনুপাত 8:3 হবে। রোজ ও তার পিতার বয়স 9 বছর পর কত হবে?

Type-8 (ধারাবাহিক অনুপাত)

১) একটি ত্রিভুজের তিন কোণের অনুপাত 3:4:5, কোণ তিনটি ডিগ্রীতে প্রকাশ কর।

সমাধান: মনে করি, প্রদত্ত অনুপাত অনুসারে কোণ তিনটি যথাক্রমে $3x, 4x, 5x$ । ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180^\circ$

প্রমানুসারে, $3x + 4x + 5x = 180^\circ$

$$\Rightarrow 12x = 180^\circ$$

$$\Rightarrow x = 15^\circ$$

অতএব, কোণ তিনটি হলো:

$$3x = 3 \times 15^\circ = 45^\circ$$

$$4x = 4 \times 15^\circ = 60^\circ$$

$$5x = 5 \times 15^\circ = 75^\circ \quad (\text{Ans})$$

২) ক্রিকেট খেলায় সাকিব, মুশফিকুর ও মাহরাফি 171 রান করলো। সাকিব ও মুশফিকুরের এবং মুশফিকুর ও মাহরাফির রানের অনুপাত 3:2 হলে কে কত রান করেছে?

সমাধান: দেওয়া আছে, মোট রানের পরিমাণ = 171

এবং সাকিবের রান : মুশফিকুরের রান = 3:2

$$= 3 \times 3 : 2 \times 3 \quad [3 \text{ দ্বারা গুণ করে}]$$

$$= 9:6$$

আবার, মুশফিকুরের রান : মাহরাফির রান = 3:2

$$= 3 \times 2 : 2 \times 2 \quad [2 \text{ দ্বারা গুণ করে}]$$

$$= 6:4$$

এখন সাকিবের রান : মুশফিকুরের রান : মাহরাফির রান = 9:6:4

অনুপাতের রাশিগুলোর যোগফল = $9 + 6 + 4 = 19$

$$\therefore \text{সাকিবের রান} = \left(171 \text{ এর } \frac{9}{19}\right) = 81 \text{ রান}$$

$$\text{মুশফিকুরের রান} = \left(171 \text{ এর } \frac{6}{19}\right) = 54 \text{ রান}$$

$$\text{মাহরাফির রান} = \left(171 \text{ এর } \frac{4}{19}\right) = 36 \text{ রান}$$

∴ সাকিব, মুশফিকুর ও মাহরাফির রান যথাক্রমে 81, 54, 36

(Ans)

∴ নিজে কর:

- 10 বছর পূর্বে পিতা, ছেলে ও মায়ের বয়সের অনুপাত ছিল 5:2:4। বর্তমানে পিতার বয়স, পুত্রের বয়সের দ্বিগুণ। মায়ের বর্তমান বয়স কত?
- ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5:12:13 এবং পরিসীমা 20 সেন্টিমিটার। বৃহত্তর বাহুকে দৈর্ঘ্য এবং ক্ষুদ্রতর বাহুকে প্রস্থ ধরে অঙ্কিত আয়তক্ষেত্রের কর্ণের সমান বাহুবিশিষ্ট বর্গের ক্ষেত্রফল নির্ণয় কর।
- একটি জমির ক্ষেত্রফল 432 বর্গমিটার। ঐ জমির দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 3:4 এবং 2:5 হলে অপর জমির ক্ষেত্রফল কত?

প্রশ্ন-০১:

দৃশ্যকল্প-১: $P = \log 5 + 16(\log 16 - \log 15) + 12(\log 25 - \log 24) + 7(\log 81 - \log 80)$

দৃশ্যকল্প-২: আলম, বশির, চিন্ময় ও দ্বৈত মোট 195000 টাকা মূলধন নিয়ে একটি ব্যবসা শুরু করে এবং এক বছর শেষে 26500 টাকা লাভ হয়। উক্ত ব্যবসার মূলধনের আলমের অংশ : বশিরের অংশ = $\frac{1}{3} : \frac{1}{2}$, বশিরের অংশ : চিন্ময়ের অংশ = 4:5 এবং চিন্ময়ের অংশ দ্বৈতের অংশ = 5:6। বছর শেষে লভ্যাংশের 60% উক্ত ব্যবসায় বিনিয়োগ করা হলো। অবশিষ্ট লভ্যাংশ তাদের মধ্যে বন্টন করা হলো।

ক) আলম, বশির, চিন্ময় ও দ্বৈতের মূলধনের সরল অনুপাত নির্ণয় কর।

খ) ব্যবসায় আলম কত টাকা বিনিয়োগ করেছিল? অবশিষ্ট লভ্যাংশ থেকে আলম কত পাবে?

গ) দৃশ্যকল্প-১ হতে P এর সরল মান নির্ণয় কর।

১ নং প্রশ্নের উত্তর:

ক) ব্যবসার মূলধনে আলমের অংশ : বশিরের অংশ

$$\begin{aligned} &= \frac{1}{3} : \frac{1}{2} = \frac{1}{3} \times 6 : \frac{1}{2} \times 6 \\ &= 2 : 3 = 2 \times 4 : 3 \times 4 = 8 : 12 \end{aligned}$$

বশিরের অংশ : চিন্ময়ের অংশ = 4:5 = 4 × 3 : 5 × 3 = 12:15

চিন্ময়ের অংশ : দ্বৈতের অংশ = 5:6 = 5 × 3 : 6 × 3 = 15:18

∴ আলম, বশির, চিন্ময় ও দ্বৈতের মূলধনের সরল অনুপাত = 8:12:15:18 (Ans)

খ) দেওয়া আছে, ব্যবসায় বিনিয়োগকৃত মোট মূলধন = 195000 টাকা

$$\begin{aligned} \text{ব্যবসায় আলম বিনিয়োগ করেছিল} &= 195000 \text{ এর } \frac{8}{8+12+15+18} \text{ টাকা} \\ &= 195000 \times \frac{8}{53} \text{ টাকা} \\ &= 29433.96 \text{ টাকা} \\ &= 29434 \text{ টাকা (প্রায়)} \quad \text{(Ans)} \end{aligned}$$

বছর শেষে লভ্যাংশ 26500 টাকা এবং এর (100 - 60) বা 40% বিনিয়োগকারীদের মধ্যে বন্টন করা হলে

$$\text{আলম পাবে} = (26500 \text{ এর } 40\%) \text{ এর } \frac{8}{8+12+15+18} \text{ টাকা}$$

$$= 10600 \text{ এর } \frac{8}{55} \text{ টাকা}$$

$$= 1600 \text{ টাকা} \quad (\text{Ans})$$

$$গ) P = \log 5 + 16(\log 16 - \log 15) + 12(\log 25 - \log 24) + 7(\log 81 - \log 80)$$

$$= \log 5 + 16 \log \frac{16}{15} + 12 \log \frac{25}{24} + 7 \log \frac{81}{80}$$

$$= \log 5 + \log \left(\frac{16}{15}\right)^{16} + \log \left(\frac{25}{24}\right)^{12} + \log \left(\frac{81}{80}\right)^7$$

$$= \log \left\{ 5 \cdot \frac{(2^4)^{16}}{(3 \cdot 5)^{16}} \cdot \frac{(5^2)^{12}}{(3 \cdot 2^3)^{12}} \cdot \frac{(3^4)^7}{(2^4 \cdot 5)^7} \right\}$$

$$= \log \left\{ 5 \cdot \frac{2^{64}}{3^{16} \cdot 5^{16}} \cdot \frac{5^{24}}{3^{12} \cdot 2^{36}} \cdot \frac{3^{28}}{2^{28} \cdot 5^7} \right\}$$

$$= \log \left\{ \frac{2^{64} \cdot 5^{24} \cdot 3^{28}}{2^{64} \cdot 3^{28} \cdot 5^{23}} \right\}$$

$$= \log(5^2)$$

$$= 2 \log 5 \quad (\text{Ans})$$

প্রশ্ন-০২:

$$ax = by = cz$$

ক) প্রমাণ কর যে, $\frac{a^2}{bc} + \frac{b^2}{ca} + \frac{c^2}{ab} = \frac{xz}{y^2} + \frac{zy}{x^2} + \frac{xy}{z^2}$

খ) প্রমাণ কর যে, $(a^2 + b^2 + c^2) \left(\frac{1}{a^2} + \frac{1}{b^2} + \frac{1}{c^2} \right) = (x^2 + y^2 + z^2) \left(\frac{1}{x^2} + \frac{1}{y^2} + \frac{1}{z^2} \right)$

গ) দেখাও যে, $\frac{x+y+z}{ax+by+cz} = \frac{1}{3} \left(\frac{1}{a} + \frac{1}{b} + \frac{1}{c} \right)$

২ নং প্রশ্নের উত্তর:

ক) মনে করি, $ax = by = cz = k$

তাহলে, $ax = k \quad by = k \quad cz = k$

$$\therefore a = \frac{k}{x} \quad \therefore b = \frac{k}{y} \quad \therefore c = \frac{k}{z}$$

$$L.H.S = \frac{a^2}{bc} + \frac{b^2}{ca} + \frac{c^2}{ab}$$

$$= \frac{\left(\frac{k}{x}\right)^2}{\frac{k}{y} \cdot \frac{k}{z}} + \frac{\left(\frac{k}{y}\right)^2}{\frac{k}{z} \cdot \frac{k}{x}} + \frac{\left(\frac{k}{z}\right)^2}{\frac{k}{x} \cdot \frac{k}{y}}$$

$$\begin{aligned}
&= \frac{\frac{k^2}{yz}}{\frac{k^2}{yz}} + \frac{\frac{k^2}{zx}}{\frac{k^2}{zx}} + \frac{\frac{k^2}{xy}}{\frac{k^2}{xy}} \\
&= \frac{k^2}{yz} \times \frac{yz}{k^2} + \frac{k^2}{zx} \times \frac{zx}{k^2} + \frac{k^2}{xy} \times \frac{xy}{k^2} \\
&= \frac{yz}{yz} + \frac{zx}{zx} + \frac{xy}{xy} = R.H.S
\end{aligned}$$

$\therefore L.H.S = R.H.S$

$$\therefore \frac{a^2}{bc} + \frac{b^2}{ca} + \frac{c^2}{ab} = \frac{yz}{x^2} + \frac{zx}{y^2} + \frac{xy}{z^2} \quad (\text{Proved})$$

খ) মনে করি, $ax = by = cz = k$

$$\text{তাহলে, } ax = k \quad by = k \quad cz = k$$

$$\therefore a = \frac{k}{x} \quad \therefore b = \frac{k}{y} \quad \therefore c = \frac{k}{z}$$

$$\begin{aligned}
L.H.S &= (a^2 + b^2 + c^2) \left(\frac{1}{a^2} + \frac{1}{b^2} + \frac{1}{c^2} \right) \\
&= \left\{ \left(\frac{k}{x} \right)^2 + \left(\frac{k}{y} \right)^2 + \left(\frac{k}{z} \right)^2 \right\} \left\{ \frac{1}{\left(\frac{k}{x} \right)^2} + \frac{1}{\left(\frac{k}{y} \right)^2} + \frac{1}{\left(\frac{k}{z} \right)^2} \right\} \\
&= \left\{ \frac{k^2}{x^2} + \frac{k^2}{y^2} + \frac{k^2}{z^2} \right\} \times \left\{ \frac{1}{\frac{k^2}{x^2}} + \frac{1}{\frac{k^2}{y^2}} + \frac{1}{\frac{k^2}{z^2}} \right\} \\
&= \left\{ \frac{k^2}{x^2} + \frac{k^2}{y^2} + \frac{k^2}{z^2} \right\} \times \left\{ \frac{x^2}{k^2} + \frac{y^2}{k^2} + \frac{z^2}{k^2} \right\} \\
&= k^2 \left(\frac{1}{x^2} + \frac{1}{y^2} + \frac{1}{z^2} \right) \cdot \frac{1}{k^2} (x^2 + y^2 + z^2) \\
&= (x^2 + y^2 + z^2) \left(\frac{1}{x^2} + \frac{1}{y^2} + \frac{1}{z^2} \right) = R.H.S
\end{aligned}$$

$\therefore L.H.S = R.H.S$

$$\therefore (a^2 + b^2 + c^2) \left(\frac{1}{a^2} + \frac{1}{b^2} + \frac{1}{c^2} \right) = (x^2 + y^2 + z^2) \left(\frac{1}{x^2} + \frac{1}{y^2} + \frac{1}{z^2} \right) \quad (\text{Proved})$$

গ) মনে করি, $ax = by = cz = k$

$$\text{তাহলে, } ax = k \quad by = k \quad cz = k$$

$$\therefore x = \frac{k}{a} \quad \therefore y = \frac{k}{b} \quad \therefore z = \frac{k}{c}$$

$$\begin{aligned}
 L.H.S &= \frac{x+y+z}{ax+by+cz} \\
 &= \frac{\frac{k}{a} + \frac{k}{b} + \frac{k}{c}}{a \cdot \frac{k}{a} + b \cdot \frac{k}{b} + c \cdot \frac{k}{c}} \\
 &= \frac{k\left(\frac{1}{a} + \frac{1}{b} + \frac{1}{c}\right)}{k+k+k} \\
 &= \frac{\frac{1}{a} + \frac{1}{b} + \frac{1}{c}}{3} \\
 &= \frac{1}{3} \left(\frac{1}{a} + \frac{1}{b} + \frac{1}{c} \right) = R.H.S
 \end{aligned}$$

$\therefore L.H.S = R.H.S$

$$\therefore \frac{x+y+z}{ax+by+cz} = \frac{1}{3} \left(\frac{1}{a} + \frac{1}{b} + \frac{1}{c} \right) \quad (\text{Showed})$$

প্রশ্ন-০৩:

$$y = \frac{14mn}{m+n} \text{ এবং } p:q = q:r$$

ক) দেখাও যে, $\frac{p}{r} = \frac{p^2+q^2}{q^2+r^2}$

খ) প্রমাণ কর যে, $p^4q^4r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6} \right) = p^6 + q^6 + r^6$

গ) $\frac{y+7m}{y-7m} + \frac{y+7n}{y-7n}$ এর মান নির্ণয় কর। $m \neq n$

৩ নং প্রশ্নের উত্তর:

ক) দেওয়া আছে, $p:q = q:r$

$$\Rightarrow \frac{p}{q} = \frac{q}{r}$$

$$\Rightarrow \frac{p^2}{q^2} = \frac{q^2}{r^2}$$

[উভয়পক্ষে বর্গ করে]

$$\Rightarrow \frac{p^2+q^2}{q^2} = \frac{q^2+r^2}{r^2}$$

[যোজন করে]

$$\Rightarrow \frac{p^2+q^2}{q^2+r^2} = \frac{q^2}{r^2}$$

[একান্তরকরণ করে]

$$\Rightarrow \frac{p^2+q^2}{q^2+r^2} = \frac{pr}{r^2}$$

[$\because \frac{p}{q} = \frac{q}{r} \therefore pr = q^2$]

$$\Rightarrow \frac{p^2+q^2}{q^2+r^2} = \frac{p}{r}$$

$$\therefore \frac{p}{r} = \frac{p^2+q^2}{q^2+r^2} \quad (\text{Showed})$$

খ) দেওয়া আছে, $p:q = q:r$

$$\Rightarrow \frac{p}{q} = \frac{q}{r}$$

$$\therefore q^2 = pr$$

$$\begin{aligned} L.H.S &= p^4 q^4 r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6} \right) \\ &= \frac{p^4 q^4 r^4}{p^6} + \frac{p^4 q^4 r^4}{q^6} + \frac{p^4 q^4 r^4}{r^6} \\ &= \frac{q^4 r^4}{p^2} + \frac{p^4 r^4}{q^2} + \frac{p^4 q^4}{r^2} \\ &= \frac{(pr)^2 r^4}{p^2} + \frac{(q^2)^4}{q^2} + \frac{p^4 (pr)^2}{r^2} \\ &= r^6 + q^6 + p^6 \\ &= p^6 + q^6 + r^6 = R.H.S \end{aligned}$$

$$\therefore L.H.S = R.H.S$$

$$\therefore p^4 q^4 r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6} \right) = p^6 + q^6 + r^6 \quad (\text{Proved})$$

গ) দেওয়া আছে, $y = \frac{14mn}{m+n}$

$$\text{বা, } \frac{y}{7m} = \frac{2n}{m+n}$$

$$\text{বা, } \frac{y+7m}{y-7m} = \frac{2n+m+n}{2n-n-m} \quad [\text{যোজন-বিয়োজন}]$$

$$\text{বা, } \frac{y+7m}{y-7m} = \frac{3n+m}{n-m} \dots \dots (i)$$

$$\text{আবার, } y = \frac{14mn}{m+n}$$

$$\text{বা, } \frac{y}{7n} = \frac{2m}{m+n}$$

$$\text{বা, } \frac{y+7n}{y-7n} = \frac{2m+m+n}{2m-m-n} \quad [\text{যোজন-বিয়োজন}]$$

$$\text{বা, } \frac{y+7n}{y-7n} = \frac{3m+n}{m-n} \dots \dots (ii)$$

এখন (i) ও (ii) যোগ করে পাই,

$$\begin{aligned}\frac{y+7n}{y-7n} + \frac{y+7m}{y-7m} &= \frac{3n+m}{n-m} + \frac{3m+n}{m-n} \\ &= \frac{3n+m}{n-m} - \frac{3m+n}{n-m} \\ &= \frac{3n+m-3m-n}{n-m} \\ &= \frac{2n-2m}{n-m} \\ &= \frac{2(n-m)}{n-m} = 2 \quad (\text{Ans})\end{aligned}$$

প্রশ্ন-০৪:

(i) $y^2 = xz$ (ii) $p = 26$ মিটার এবং $q = 10$ মিটার

ক) (i) হতে দেখাও যে, $\frac{xyz(x+y+z)^3}{(xy+yz+zx)^3} = 1$

খ) $\frac{x^2+y^2}{y^2+z^2} = \frac{(x+y)^2}{(y+z)^2}$ হলে, উল্লিখকের আলোকে (i) নং প্রতিষ্ঠিত কর।

গ) যদি p ও q এর মানকে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ বিবেচনা করা হয়, তবে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 20% হ্রাস পেলে ক্ষেত্রটির ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে তা নির্ণয় কর।

৪ নং প্রশ্নের উত্তর:

ক) দেওয়া আছে, $y^2 = xz$

$$\begin{aligned}L.H.S &= \frac{xyz(x+y+z)^3}{(xy+yz+zx)^3} \\ &= \frac{xz.y(x+y+z)^3}{(xy+yz+zx)^3} \\ &= \frac{y^2.y(x+y+z)^3}{(xy+yz+y^2)^3} \quad [\because y^2 = zx] \\ &= \frac{y^3(x+y+z)^3}{y^3(x+y+z)^3} \\ &= 1 = R.H.S\end{aligned}$$

$\therefore L.H.S = R.H.S$

$$\therefore \frac{xyz(x+y+z)^3}{(xy+yz+zx)^3} = 1 \quad (\text{Proved})$$

খ) দেওয়া আছে, $\frac{x^2 + y^2}{y^2 + z^2} = \frac{(x+y)^2}{(y+z)^2}$

$$\Rightarrow \frac{(y+z)^2}{y^2 + z^2} = \frac{(x+y)^2}{x^2 + y^2} \quad [\text{একান্তরকরণ করে}]$$

$$\Rightarrow \frac{y^2 + 2yz + z^2}{y^2 + z^2} = \frac{x^2 + 2xy + y^2}{x^2 + y^2}$$

$$\Rightarrow \frac{y^2 + 2yz + z^2 - y^2 - z^2}{y^2 + z^2} = \frac{x^2 + 2xy + y^2 - x^2 - y^2}{x^2 + y^2} \quad [\text{বিয়োজন করে}]$$

$$\Rightarrow \frac{2yz}{y^2 + z^2} = \frac{2xy}{x^2 + y^2}$$

$$\Rightarrow \frac{z}{y^2 + z^2} = \frac{x}{x^2 + y^2}$$

$$\Rightarrow xy^2 + xz^2 = x^2z + y^2z$$

$$\Rightarrow xz^2 - x^2z = y^2z - xy^2$$

$$\Rightarrow xz(z - x) = y^2(z - x)$$

$$\Rightarrow xz = y^2$$

$$\therefore y^2 = xz \quad (\text{Proved})$$

গ) এখানে, দৈর্ঘ্য $p = 26$ মিটার, প্রস্থ $q = 10$ মিটার

$$10\% \text{ বৃদ্ধিতে দৈর্ঘ্য} = \left(26 + 26 \times \frac{10}{100}\right) \text{ মি.} = 28.6 \text{ মি.}$$

$$20\% \text{ হ্রাসে প্রস্থ} = \left(10 - 10 \times \frac{20}{100}\right) \text{ মি.} = 8 \text{ মি.}$$


$$\text{পূর্বের ক্ষেত্রফল} = 26 \times 10 \text{ বর্গ মি.} = 260 \text{ বর্গ মি.}$$

$$\text{নতুন ক্ষেত্রফল} = 28.6 \times 8 \text{ বর্গ মি.} = 228.8 \text{ বর্গ মি.}$$

$$\therefore \text{ক্ষেত্রফল হ্রাস} = (260 - 228.8) \text{ বর্গ মি.} = 31.2 \text{ বর্গ মি.}$$

$$\therefore \text{ক্ষেত্রফল শতকরা হ্রাস} = \frac{31.2}{260} \times 100\% = 12\% \quad (\text{Ans})$$


MAIN TOPIC



- ভূ রেখা বা সয়নরেখা বা আনুভূমিক রেখা : ভূমি তলে অবস্থিত যেকোনো সরলরেখাকে ভূ রেখা বলে। ভূ রেখাকে সয়নরেখাও বলে। চিত্রে GA হলো একটি ভূ রেখা।
- উর্ধ্বরেখা বা উলম্বরেখা : ভূমি তলের উপর লম্ব যেকোনো সরলরেখাকে উলম্বরেখা বলে। OA হলো উলম্বরেখা
- উলম্বতল : ভূমি তলের উপর লম্বভাবে অবস্থিত পরস্পরছেদী ভূ-রেখা ও উর্ধ্বরেখা একটি তল নির্দিষ্ট করে। এ তলকে উলম্বতল বলে। চিত্রে OAO তলটি ভূমির উপর লম্ব বা উলম্ব তল।
- উন্নতি কোণ : ভূতলের উপরের কোন বিন্দু ভূমির সমান্তরাল রেখার সাথে যে কোণ উৎপন্ন করে তাকে উন্নতি কোণ বলা হয়। এখানে, O বিন্দুতে P বিন্দুর উন্নতি কোণ $\angle POB$ ।
- অবনতি কোণ : ভূতলের সমান্তরাল রেখার নিচের কোনো বিন্দু ভূ-রেখার সাথে যে কোণ উৎপন্ন করে তাকে অবনতি কোণ বলে।

চিত্রে, O বিন্দুতে Q বিন্দুর অবনতি কোণ হচ্ছে $\angle QOB$ ।

- অবনতি কোণ মূলত : নিম্ন অভিমুখী কোণ।
- উন্নতি কোণ মূলত : উর্ধ্ব অভিমুখী কোণ।



১. 30° কোণ অঙ্কনের ক্ষেত্রে ভূমি $>$ লম্ব হবে
২. 60° কোণ অঙ্কনের ক্ষেত্রে ভূমি $=$ লম্ব হবে
৩. 60° কোণ অঙ্কনের ক্ষেত্রে ভূমি $<$ লম্ব হবে

$$\square \sin \theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$$


$$\square \cos \theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}$$

$$\square \tan \theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}$$

Type-1

প্রশ্ন-১: একটি গাছের পাদদেশ থেকে 20 মিটার দূরে ভূতলের কোনো গাছের চূড়ায় উন্নতি কোণ 60° হলে, গাছটির উচ্চতা নির্ণয় কর।

সমাধানঃ



মনে করি, গাছের উন্নতি কোণ $\angle POA = 60^\circ$ এবং গাছের পাদদেশ থেকে ভূতলের O বিন্দুর দূরত্ব $PO = 20$ মিটার

এবং গাছের উচ্চতা $AP = h$ মিটার

$$\text{এখন, } \tan \angle POA = \frac{AP}{OP}$$

$$\text{বা, } \tan 60^\circ = \frac{h}{20}$$

$$\text{বা, } \sqrt{3} = \frac{h}{20} \quad [\because \tan 60^\circ = \sqrt{3}]$$

$$\text{বা, } h = 20\sqrt{3}$$

$$\therefore h = 34.641 \text{ মিটার (প্রায়)}$$

\therefore গাছটির উচ্চতা 34.641 মিটার (প্রায়) [Ans.]

প্রশ্ন-২: 18 মিটার দৈর্ঘ্যের একটি মই ভূমির সাথে 45° কোণ উৎপন্ন করে দেওয়ালের ছাদ স্পর্শ করে। দেওয়ালটির উচ্চতা নির্ণয় কর।

সমাধানঃ

মনে করি ,

দেওয়ালের উচ্চতা $AB = h$ মিটার।

মইয়ের দৈর্ঘ্য , $OB = 18$ মিটার

এবং $\angle AOB = 45^\circ$

এখন , OAB সমকোণী ত্রিভুজ ,

$$\sin \angle AOB = \frac{AB}{OB}$$

$$\text{বা, } \sin 45^\circ = \frac{h}{18}$$

$$\text{বা, } \frac{1}{\sqrt{2}} = \frac{h}{18} \left[\because \sin 45^\circ = \frac{1}{\sqrt{2}} \right]$$


$$\text{বা, } h = \frac{18}{\sqrt{2}}$$

$$= \frac{18 \times \sqrt{2}}{\sqrt{2} \times \sqrt{2}}$$

$$= 9\sqrt{2}$$


$$\therefore h = 12.728 \text{ মিটার (প্রায়)।}$$

$$\therefore \text{দেওয়ালটির উচ্চতা } 12.728 \text{ মিটার (প্রায়) [Ans.]}$$



প্রশ্ন-৩: একটি ঘরের ছাদের কোনো বিন্দুতে ঐ বিন্দু থেকে 20 মিটার দূরের ভূতলস্থ একটি বিন্দুর অবনতি কোণ 30° হলে, ঘরটির উচ্চতা নির্ণয় কর।

সমাধানঃ



মনে করি, ঘরটির উচ্চতা $AB = h$ মিটার, ঘরের ছাদের কোনো বিন্দু A থেকে 20 মিটার দূরের ভূতলস্থ একটি বিন্দু C বিন্দুর $\angle CAX = 30^\circ$ ।

$XA \parallel BC$ এবং AC উহাদের ছেদক।

সুতরাং $\angle XAC = \angle ACB = 30^\circ$ [একান্তের কোণ বলে]

ABC সমকোণী ত্রিভুজ, $\sin \angle ACB = \frac{AB}{AC}$

$$\text{বা, } \sin 30^\circ = \frac{h}{20}$$

$$\text{বা, } \frac{1}{2} = \frac{h}{20} \left[\because \sin 30^\circ = \frac{1}{2} \right]$$

$$\text{বা, } 2h = 20$$

$$\therefore h = 10 \text{ মিটার}$$

ঘরটির উচ্চতা 10 মিটার। [Ans.]

$$\text{বা, } \frac{1}{\sqrt{3}} = \frac{h}{x+32} \left[\because \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}} \right]$$

$$\text{বা, } x + 32 = h\sqrt{3}$$

